

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

বিআরপিডি সার্কুলার নং- ১৩

আগস্ট ২২, ২০১৭
তারিখ : -----
ভাদ্র ৭, ১৪২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ।

প্রিয় মহোদয়,

সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত স্বল্প মেয়াদী কৃষি ও ক্ষুদ্র ঋণ এবং এসএমই খাতের
কুটির ও মাইক্রো ঋণ পুনঃতফসিলিকরণ প্রসঙ্গে ।

সম্প্রতি বন্যার কারণে দেশের বিস্তীর্ণ অঞ্চল প্লাবিত হয়েছে। বন্যা উপদ্রুত অঞ্চলের ঋণগ্রহীতা বিশেষতঃ কৃষি এবং এসএমই খাতের কুটির ও মাইক্রো উদ্যোক্তাগণ ব্যাপক ক্ষতিগ্রস্ত হওয়ায় তাদের পক্ষে নির্ধারিত সময়ে ঋণ পরিশোধ করা দুরূহ হয়ে পড়বে। তাছাড়া বন্যার কারণে আয় উৎসারী কর্মকাণ্ড বন্ধ থাকায় বিদ্যমান নীতিমালা অনুযায়ী নির্ধারিত হারে ডাউন পেমেন্ট প্রদান করে ঋণের মেয়াদ বৃদ্ধি করাও সম্ভব হবে না। ফলে উক্ত খাতসমূহের ঋণ বিরূপভাবে শ্রেণীকৃত হবে বিধায় নতুন ঋণ প্রবাহ বাধাগ্রস্ত হয়ে অর্থনৈতিক কর্মকাণ্ডে মন্থরতা দেখা দিতে পারে। বর্ণিত পরিস্থিতিতে, ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতাদের স্বাভাবিক অর্থনৈতিক কর্মকাণ্ড অব্যাহত রেখে তাদের পুনর্বাসনে সহায়তা প্রদানের লক্ষ্যে স্বল্প মেয়াদী কৃষি ও ক্ষুদ্র ঋণ এবং এসএমই খাতের কুটির ও মাইক্রো ঋণ পুনঃতফসিলিকরণের ক্ষেত্রে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

১. ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ক্ষেত্র বিশেষে ডাউন পেমেন্ট এর শর্ত শিথিলপূর্বক স্বল্প মেয়াদী কৃষি ও ক্ষুদ্র ঋণ এবং এসএমই খাতের কুটির ও মাইক্রো ঋণ পুনঃতফসিল করা যাবে;

২. এ ধরনের ঋণ পুনঃতফসিলের ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে সর্বোচ্চ ৬ মাস গ্রেস পিরিয়ড প্রদান করা যাবে;

৩. বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষক এবং এসএমই খাতের কুটির ও মাইক্রো উদ্যোক্তাগণ যাতে প্রকৃত চাহিদার ভিত্তিতে যথাসময়ে নতুন ঋণ সুবিধা পেতে পারেন সে লক্ষ্যে কোন অর্থ (compromised amount) জমা ব্যতিরেকেই পুনঃতফসিল পরবর্তী নতুন ঋণ সুবিধা প্রদান করা যাবে; এবং

৪. সার্টিফিকেট মামলা (যদি থাকে) সমঝোতার (সোলোনামা) মাধ্যমে স্থগিত/নিষ্পত্তিপূর্বক ঋণ পুনঃতফসিল করা যাবে।

উল্লিখিত নির্দেশনা ব্যতীত বিআরপিডি সার্কুলার নং-১৫/২০১২ ও ০৬/২০১৩ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে এবং উল্লিখিত পুনঃতফসিলিকরণ ও পুনঃতফসিল পরবর্তী নতুন ঋণ প্রদান সুবিধা আগামী জুন ৩০, ২০১৮ পর্যন্ত বলবৎ থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(আবু ফরাহ মোঃ নাছের)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২